সোমবার
২১ আগস্ট ২০২৩, ৬ ভাদ্র ১৪৩০
৪ সফর ১৪৪৫
১২ পৃষ্ঠা ■ দাম : ৫ টাকা
নগর সংস্করণ

দৈনিক আমার সংবাদ
সত্যের সন্ধানে প্রতিদিন

অধিবেশনে মুনীর চৌধুরী

# চিকিৎসাসেবা অনন্য ইবাদত


নিজস্ব প্রতিবেদক ▶▶

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনীর চৌধুরী বলেছেন, 'চিকিৎসার মাধ্যমে মানবসেবার যে সুযোগ, তা' চিকিৎসকদের জন্য মহান স্রষ্টার ইবাদতের সমতুল্য। দুর্নীতিমুক্তভাবে দায়িত্বপালন এবং পাপমুক্ত থেকে জীবনযাপন করলে একজন চিকিৎসক সহজেই স্রষ্টার নৈকট্য অর্জন করতে পারে। দায়িত্ব পালনকালে যেকোনো দুর্নীতি ও অনিয়ম দেখলে তা' প্রতিরোধ করা সরকারী কর্মচারী হিসেবে চিকিৎসকদেরও কর্তব্য। ওষুধ কোম্পানিগুলো পৃথিবীজুড়ে চিকিৎসকদের নানাভাবে প্রলুব্ধ করে। বর্তমানে কর্পোরেট শক্তির কাছে অনেকে বিক্রি হয়ে যাচ্ছে। চিকিৎসকদের দায়িত্ব পালনকালে ওষুধ কোম্পানির কাছ থেকে যেকোনো উপহার সামগ্রী গ্রহণ করা অত্যন্ত গর্হিত কাজ। এতে চিকিৎসকদের নৈতিক শক্তি দুর্বল হয়ে যায়। সামান্য উপহারের জন্য নিজের বিবেক বা নৈতিকতাকে বিসর্জন দেয়া অত্যন্ত দুর্ভাগ্যজনক। আজীবন সৎ ও নীতিবান থেকে চিকিৎসার মাধ্যমে মানবসেবায় নিজেকে ব্রতি হয়ে অনেক চিকিৎসক মানুষের হৃদয়ে স্থান পেয়েছেন, দৃষ্টান্তস্বরূপ চট্টগ্রামের প্রখ্যাত শিশু চিকিৎসক মরহুম ডা. মোমিনুল হক চৌধুরী অন্যতম। জীবনে কি পেলাম বা কি পেলাম না, তা' বিবেচ্য নয়। সৎ, শুদ্ধ ও নীতিবান হয়ে আদর্শকে হৃদয়ে ধারণ করে স্রষ্টার কাছে শুদ্ধভাবে ফিরে যাওয়াই মানবজীবনের সার্থকতা। জীবন-জীবিকা ও রিজিক মহান আল্লাহ্ কর্তৃক নির্ধারিত। সুতরাং সৎ উপার্জনকে মূল লক্ষ্য রেখে পেশাগত দায়িত্ব পালনে অত্যন্ত সংযমী ও সতর্ক হতে হবে। বিজ্ঞান ও প্রযুক্তির প্রয়োগে বর্তমানে অনেক কঠিন কাজ সহজ হচ্ছে। মেডিক্যাল বর্জ্য ব্যবস্থাপনায় চিকিৎসকদের দক্ষতা অর্জন করতে হবে'। গতকাল রাজধানীর শিশু ও মাতৃস্বাস্থ্য ইনস্টিটিউট কর্তৃক আয়োজিত এক প্রশিক্ষণ অধিবেশনে বিজ্ঞান জাদুঘরের মহাপরিচালক এ বক্তব্য রাখেন। এ প্রশিক্ষণে সারাদেশ থেকে ৪০ জন বিসিএস ক্যাডারভুক্ত চিকিৎসক অংশগ্রহণ করছেন।

ঢাকা, সোমবার ২১ আগস্ট ২০২৩
৬ ভাদ্র ১৪৩০, ০৩ সফর ১৪৪৫

কালের কণ্ঠ

# চিকিৎসাসেবা অনন্য ইবাদত: মুনীর চৌধুরী




জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনীর চৌধুরী। ফাইল ছবি

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনীর চৌধুরী বলেছেন, চিকিৎসার মাধ্যমে মানবসেবার যে সুযোগ, তা চিকিৎসকদের জন্য মহান স্রষ্টার ইবাদতের সমতুল্য। দুর্নীতিমুক্তভাবে দায়িত্বপালন এবং পাপমুক্ত থেকে জীবনযাপন করলে একজন চিকিৎসক সহজেই স্রষ্টার নৈকট্য অর্জন করতে পারে।

আজ রবিবার ঢাকার শিশু ও মাতৃস্বাস্থ্য ইনস্টিটিউট আয়োজিত এক প্রশিক্ষণ অধিবেশনে বিজ্ঞান জাদুঘরের মহাপরিচালক এসব কথা বলেন। এ প্রশিক্ষণে সারা দেশ থেকে ৪০ জন বিসিএস ক্যাডারভুক্ত চিকিৎসক অংশগ্রহণ করছেন। বিজ্ঞান জাদুঘরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। মুনীর চৌধুরী বলেন, দায়িত্ব পালনকালে যেকোনো দুর্নীতি ও অনিয়ম দেখলে তা প্রতিরোধ করা সরকারি কর্মচারী হিসেবে চিকিৎসকদেরও কর্তব্য। ওষুধ কোম্পানিগুলো পৃথিবীজুড়ে চিকিৎসকদের নানাভাবে প্রলুব্ধ করে। বর্তমানে কর্পোরেট শক্তির কাছে অনেকে বিক্রি হয়ে যাচ্ছে। চিকিৎসকদের দায়িত্ব পালনকালে ওষুধ কোম্পানির কাছ থেকে যেকোনো উপহারসামগ্রী গ্রহণ করা অত্যন্ত গর্হিত কাজ। এতে চিকিৎসকদের নৈতিক শক্তি দুর্বল হয়ে যায়। সামান্য উপহারের জন্য নিজের বিবেক বা নৈতিকতাকে বিসর্জন দেওয়া অত্যন্ত দুর্ভাগ্যজনক।

বিজ্ঞান জাদুঘরের মহাপরিচালক বলেন, আজীবন সৎ ও নীতিবান থেকে চিকিৎসার মাধ্যমে মানবসেবায় নিজেকে ব্রতী হয়ে অনেক চিকিৎসক মানুষের হৃদয়ে স্থান পেয়েছেন, দৃষ্টান্তস্বরূপ চট্টগ্রামের প্রখ্যাত শিশু চিকিৎসক মরহুম ডা. মোমিনুল হক চৌধুরী অন্যতম। জীবনে কী পেলাম বা কী পেলাম না, তা বিবেচ্য নয়। সৎ, শুদ্ধ ও নীতিবান হয়ে আদর্শকে হৃদয়ে ধারণ করে স্রষ্টার কাছে শুদ্ধভাবে ফিরে যাওয়াই মানবজীবনের সার্থকতা। জীবন-জীবিকা ও রিজিক মহান আল্লাহ কর্তৃক নির্ধারিত। সুতরাং সৎ উপার্জনকে মূল লক্ষ্য রেখে পেশাগত দায়িত্ব পালনে অত্যন্ত সংযমী ও সতর্ক হতে হবে। বিজ্ঞান ও প্রযুক্তির প্রয়োগে বর্তমানে অনেক কঠিন কাজ সহজ হচ্ছে। মেডিক্যাল বর্জ্য ব্যবস্থাপনায় চিকিৎসকদের দক্ষতা অর্জন করতে হবে।

THE Daily Post
Monday, 21 August 2023



# 'Medical care is like worship'

Mohammad Munir Chowdhury, director general of the National Science and Technology Museum, said, "The opportunity for humanity through treatment is similar work like worshiping the Almighty for the doctors. A doctor can easily get close to the creator if he leads a corruption and sin-free life".

The Director General of science museum said these things at a training session organized by the Institute of Child and Maternal Health in the capital.

He also said that it is the duty of doctors as government employees to prevent any corruption and irregularities while performing their duties. Pharmaceutical companies lure doctors around the world in many ways. Today, many are being sold to corporate power. It is very unprofessional work for doctors to accept any gift items from the pharmaceutical company which weakens the moral strength of doctors. Many doctors have found a place in the hearts of the people by committing themselves to human service through lifelong honest and ethical treatment, for example, the renowned pediatrician of the Chattogram, late Dr Mominul Haque Chowdhury, was one of them.

The director also added that it doesn't matter what I got or didn't get in life. The essence of human life is to be honest, pure and principled and take the ideal to heart and return purely to Almighty. As the livelihood is determined by the Almighty, one has to be very restrained and careful in performing professional duties keeping honest earnings as the main goal. With the application of science and technology, many difficult tasks are becoming easier. Doctors need to master medical waste management.

In this training session, around 40 BCS cadre doctors from all over the country are participating.